দৈনিক সংবাদ

তারিখ ... 26 OCT 1998 ...
পৃষ্ঠা ৮ ... কলাম ... ৩ ...

### কম্পিউটার বিভাগের দায়িত্বহীনতা

# কুমিল্লা বোর্ডের ৭০৫ জন এইচএসসি পরীক্ষার্থীর 'ফল' এখনো স্থগিত

ফেনী, ২৫শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।– এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের দীর্ঘদিন পরও কম্পিউটার বিভাগের দায়িত্বহীনতার কারণে ফেনীর ৩টি কলেজের ৩২ জন ছাত্র–ছাত্রীসহ কুমিল্লা শিক্ষা বোর্ডের ৭০৫ জন পরীক্ষার্থী এখনো তাদের ফলাফল জানতে পারেনি।

কলেজ সূত্রে জানা যায়, শিক্ষা প্রতিষ্ঠানগুলো বোর্ড নিয়ন্ত্রিত পরীক্ষার ব্যবহারিক বিষয়ের তথ্যাদি বোর্ড কর্তৃপক্ষের কাছে প্রেরণ করে থাকে। বোর্ড কর্তৃপক্ষ তা বুয়েটে পাঠিয়ে দিয়েই দায়িত্ব শেষ করে। এমন দায়সারা দায়িত্ব পালন করতে গিয়ে কুমিল্লা বোর্ডের ৭০৫ জন ছাত্র–ছাত্রীর ফলাফল স্থগিত রয়েছে। এরমধ্যে ফেনী সরকারি কলেজের ৪ জন, ফেনী সরকারি জিয়া মহিলা কলেজের ২১ জন ও ফেনী পাবলিক কলেজের ৭ জন ছাত্র–ছাত্রীর ফল স্থগিত রয়েছে। এদিকে ফেনী থেকে অনেক অভিভাবক কুমিল্লা বোর্ড, বুয়েট ও ঢাকা কম্পিউটার বিভাগে গিয়েও 'ফলাফল' আনতে ব্যর্থ হয়েছে।

সূত্র জানায়, কম্পিউটার পদ্ধতিতে ফলাফল বিবরণী তৈরি করায় এককভাবে বোর্ড কর্তৃপক্ষ ফলাফল সংক্রান্ত সমস্যার সমাধান দিতে অপারগতা জানাচ্ছে। এ 'চেইন ওয়ার্কে' রয়েছে শিক্ষা বোর্ড, বুয়েট এবং ধানমণ্ডিস্থ সরকারি কম্পিউটার বিভাগ। এখন ফলাফল সংক্রান্ত জটিলতা দেখা দেয়ায় একে অন্যের ওপর দোষ চাপাচ্ছে। এদিকে এইচএসসি'র ফল প্রকাশের দীর্ঘদিন পরও ৭০৫ জন ছাত্র–ছাত্রীর 'ফলাফল' প্রকাশ না হওয়ায় ছাত্র–ছাত্রী ও অভিভাবকরা উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছে।